গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
সিলেট বন বিভাগ
সিলেট
www.forest.sylhetdiv.gov.bd

# বনজদ্রব্য নিলাম বিজ্ঞপ্তি

নিলাম বিজ্ঞপ্তি নং-০২/জব্দ অব ২০২৩-২০২৪ তারিখ-২২/০১/২০২৪ খ্রিঃ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ আর্থিক সনে অত্র সিলেট বন বিভাগের আওতাধীন বিভিন্ন রেঞ্জ/বিট/এসএফএনটিসিতে মজুদ/জব্দকৃত/বাজেয়াপ্তকৃত/ঝড়েপড়া/আহরিত বনজদ্রব্যের লটসমূহ যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রনালয়ের প্রজ্ঞাপন নং-পবম (বঃ শা-১)/৫৭/২০০৩(অংশ-১)/৮৫ তারিখ-১৪/০৩/২০১৮খ্রিঃ মূলে পুনঃ গঠিত কমিটির সদস্যগণের উপস্থিতিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। নিলাম বিজ্ঞপ্তির বিস্তারিত শর্তাবলী, লটের বনজদ্রব্যের তালিকা ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট ও সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার কার্যালয় হতে নিলামের পূর্বের দিন অফিস চলাকালীন সময় পর্যন্ত দেখতে ও জানতে পারা যাবে।

## "তফসিল"

| নিলামের স্থান | রেঞ্জের নাম | নিলামের তারিখ | সময় |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয় প্রাঙ্গন, চাঁদনীঘাট, সিলেট। | টাউন রেঞ্জ , সিলেট রেঞ্জ, ও সারী রেঞ্জ। | ০৭/০২/২০২৪খ্রিঃ | সকাল ১০.০ ঘটিকা হতে |
| সহকারী বন সংরক্ষক এর কার্যালয় প্রাঙ্গন, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। | মৌলভীবাজার রেঞ্জ, জুরী রেঞ্জ, রাজকান্দি রেঞ্জ, কুলাউড়া রেঞ্জ, বড়লেখা রেঞ্জ ও মৌলভীবাজার এস.এফ.এন.টি.সি। | ১২/০২/২০২৪খ্রিঃ | |
| সহকারী বন সংরক্ষক এর কার্যালয় প্রাঙ্গন, চুনারুঘাট, হবিগঞ্জ। | শায়েস্তাগঞ্জ রেঞ্জ, কালেঙ্গা রেঞ্জ ও রঘুনন্দন রেঞ্জ । | ১৩/০২/২০২৪খ্রিঃ | |
| রেঞ্জ কর্মকর্তার কার্যালয় প্রাঙ্গন, সুনামগঞ্জ। | সুনামগঞ্জ রেঞ্জ ও সুনামগঞ্জ এস.এফ.এন.টি.সি। | ১৪/০২/২০২৪খ্রিঃ | |

## শর্তাবলী

১। নিলামে অংশগ্রহণকারীকে নিলাম কার্য শুরু হওয়ার পূর্বে নিলামস্থলে নিম্নলিখিত কাগজপত্র জমা দিয়া নাম নিবন্ধন করতে হবে অন্যথায় নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবেন না।

(ক) বন বিভাগ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ মহালদারী তালিকাভুক্তি বহি অথবা হালনাগাদ নবায়নকৃত 'স' মিল লাইসেন্স অথবা ট্রেড লাইসেন্স এর সত্যায়িত আলোকছাপ।

(খ) টি.আই.এন নম্বর সম্বলিত আয়কর সম্পর্কিত হালনাগাদ সনদপত্রের সত্যায়িত আলোকছাপ।

(গ) ভ্যাট নিবন্ধন পত্রের সত্যায়িত আলোকছাপ।

(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত আলোকছাপ।

(ঙ) নীলামে অংশগ্রহণকারীর নিজ নামে নিবন্ধিত মোবাইল নাম্বার।

২। নিলামে অংশগ্রহণকারীকে নিলামে অংশগ্রহণের পূর্বে নগদ অথবা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে "বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট" এর বরাবরে (**Pledged to D.F.O. Sylhet**) ২০,০০০/= (বিশ হাজার ) টাকা বায়না স্বরূপ জমা দিয়া ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি ১নং শর্তে বর্ণিত কাগজ পত্রের সঙ্গে জমা দিতে হবে। বায়নার টাকা ব্যতিরেকে কাহাকেও নিলামে অংশ গ্রহণ করতে দেয়া হবে না। নিলামকার্য সম্পন্ন হওয়ার পর কেবল মাত্র অসফল নীলাম ডাককারীর আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তর কর্তৃক যথাসময়ে বায়নার টাকা অবমুক্ত করা হবে।

৩। নিলামে অংশগ্রহণকারীকে নিলামের নির্ধারিত তারিখের পূর্বে তপশীলে বর্ণিত বনজদ্রব্যাদি সরেজমিনে ভালভাবে দেখে নিতে হবে। নিলামের পর বিক্রত বনজদ্রব্যের অবস্থান, জাত ও গুনগতমান সম্বন্ধে কাহারও কোন আপত্তি কোন ভাবেই গ্রহনযোগ্য হবে না।

৪। সর্বোচ্চ বা যে কোন ডাক গ্রহণ করা বা না করা নিলাম কমিটির একতিয়ারাধীন। এর জন্য নিলাম কমিটি কোন প্রকার কারণ দর্শাইতে বাধ্য নহেন।

৫। নিলাম ডাক গ্রহণের সাথে ক্রেতাকে নিম্নখিলিত ভাবে লটের ডাকমূল্য পরিশোধ করতে হবে :

(ক) ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পর্যন্ত নিলাম ডাকমূল্যের ১০০% ডাকমূল্য, ডাকমূল্যের উপর প্রযোজ্য আয়কর, ভ্যাট ও পরিবহন ব্যয়সহ সমুদয় অর্থ লট ক্রেতাকে নিলামস্থলে নগদে জমা দিতে হবে। এছাড়া, লট ক্রেতাকে লট অনুমোদনের তারিখ জানানোর পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার সহিত যোগাযোগ করতঃ নগদে জমাকৃত অর্থের সমপরিমান টাকার রসিদ সংগ্রহ/গ্রহণ করতে হবে। অন্যথায় জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

(খ) ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার উর্ধ্বে নিলাম ডাকমূল্যের ৭৫% অর্থ নিলামস্থলে নগদে জমা প্রদান এবং অবশিষ্ট ২৫% অর্থ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক ডাকমূল্য অনুমোদনের বিষয়টি অবহিত হওয়ার পরবর্তী ৩(তিন) দিনের মধ্যে আয়কর, ভ্যাট, ও পরিবহন ব্যয় সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার নিকট নগদে বন বিভাগীয় রশিদমূলে পরিশোধ/জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

চলমান পাতা-০২

(গ) ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার উর্ধ্বের লটের ডাকমূল্য কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হবে। কর্তৃপক্ষের অনুমোদন পাওয়ার পর ক্রেতাকে বিক্রিত বনজদ্রব্য সরবরাহ প্রদান করা হবে। এতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণীয় হবে না। কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া না গেলে নিলাম ডাক বাতিল বলিয়া গণ্য হবে।

(ঘ) নিলাম ডাকের অর্থ পরিশোধ না করলে সংশ্লিষ্ট নিলাম ডাককারীকে অন্য নিলাম ডাকে অংশ গ্রহণ করা হতে বিরত রাখা যাবে।

(ঙ) সফল নীলাম ডাককারী সমুদয় লটের মূল্য পরিশোধ করার পর তার আবেদনের প্রেক্ষিতে বায়নার টাকা ফেরৎ দেয়া হবে। বায়নার টাকা কোন অবস্থাতেই লটের মূল্যের সাথে সমন্বয় করা হবে না। সকল লটের মূল্য পরিশোধ না করা হলে বায়নার টাকা বাজেয়াপ্ত করা যাবে।

৬। ক্রেতাকে তার খরিদকৃত বনজদ্রব্যের নিলাম মূল্যের অতিরিক্ত ১০% হারে উৎসে কর ও ৭.৫% হারে ভ্যাট অথবা সরকারি বিধিমালা মোতাবেক প্রদান করতে হবে। তা ছাড়া সরকার কর্তৃক অন্য কোন কর প্রদেয় হলে ক্রেতা তা পরিশোধ করতে বাধ্য থাকবেন। উৎসে কর ও ভ্যাট এর হার পরিবর্তিত হলে, পরিবর্তিত হারে তা পরিশোধ করতে হবে।

৭। নিলাম ক্রেতা ৫নং শর্তানুযায়ী লটের অর্থ পরিশোধে ব্যর্থ হলে, নিম্নস্বাক্ষরকারী তার বায়নার টাকা বাজেয়াপ্ত করতঃ ডাকমূল্য বাতিল পূর্বক উক্ত লটের গাছ পরবর্তী যে কোন নিলামে বিক্রয় করতে পারবেন। ২য় নিলাম ডাকমূল্য ও বাজেয়াপ্তকৃত বায়নার টাকার সমষ্টি ১ম নিলামের ডাকমূল্য অপেক্ষা কম হলে, ঐ পার্থক্যের সমপরিমাণ অর্থ সরকারি পাওনা হিসাবে পরিশোধ করার জন্য ১ম নিলাম ক্রেতাকে নোটিশ প্রদান করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে এ অর্থ পরিশোধে ব্যর্থ হলে বন আইন, ১৯২৭ (সংশোধিত, ২০০০) এর ৮২ নং ধারার ক্ষমতাবলে ১৯১৩ সনের পি,ডি,আর এ্যাক্ট এর বিধান অনুযায়ী সরকারের আর্থিক ক্ষতি আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। নিলামের পর বিক্রয় বলিয়াগণ্য বনজদ্রব্যের সকল প্রকার দায়-দায়িত্ব লট ক্রেতার উপর বর্তাবে। নিলামের পর বিক্রয়কৃত লটের বনজদ্রব্য খোয়া বা বিনষ্ট হলে তজ্জন্য বন বিভাগ দায়ী থাকবেন না।

৯। ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম মুল্যের লটের রাজস্ব যথা সময়ে পরিশোধের পর সংশ্লিষ্ট বনজদ্রব্য সমূহ ৭(সাত) দিনের মধ্যে ক্রেতাকে সরকারি হেফাজত হতে স্থানান্তর করতে হবে। ১,০০,০০০/-(এক লক্ষ)টাকার বেশী মুল্যমানের লট/লট সমূহ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন এবং রাজস্ব যথাসময়ে পরিশোধের পর সংশ্লিষ্ট বনজদ্রব্য পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে সরকারি হেফাজত হতে স্থানান্তর করতে হবে।

(ক) নিলামকৃত গাছের সরবরাহ গ্রহণকালে লটক্রেতা বা তার প্রতিনিধি কোন বন কর্মকর্তার সাথে শালীনতা বিরোধী ব্যবহার করলে বা সন্ত্রাসীমূলক কোন কাজ করলে সংশ্লিষ্ট লটক্রেতাকে কালো তালিকাভূক্ত করা যাবে এবং তার জামানতের অর্থসহ পরিশোধকৃত অর্থ বাজেয়াপ্ত করা যাবে।

১০। সরকারি বিক্রয় হাতুড়ীর ছাপ (**Sale Hammer**) এবং চলাচল পাশ ব্যতিরেকে কোন বনজদ্রব্য স্থানান্তর করা যাবে না। এছাড়া ইহা বনজদ্রব্য পরিবহণ (নিয়ন্ত্রণ) বিধিমালা'২০১১ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১১। যারা নিলামে সেগুন কাঠ খরিদ করবেন, তাহাদিগকে ক্রয়কৃত সেগুন কাঠ কোন কোন স্থানে এবং কোন্ করাত কলে চিড়াই করবেন, কি কাজে কোথায় ব্যবহার করবেন বা মজুদ রাখবেন, তা বিভাগীয় বন কর্মকর্তাকে লিখিত ভাবে জানাতে হবে।

১২। খরিদকৃত বনজদ্রব্য চিড়াই কিংবা খন্ড করতে ইচ্ছা করলে, তা চিড়াই কিংবা খন্ড করার পূর্বে বিভাগীয় বন কর্মকর্তার অনুমতি অবশ্যই গ্রহণ করতে হবে।

১৩। যাদের নামে বন বিভাগের বকেয়া পাওনা আদায়ের জন্য সার্টিফিকেট কেইস বিচারাধীন আছে, কিংবা যাদের নিকট অন্য কোন পাওনা বকেয়া আছে বা যারা বে-আইনীভাবে বনজদ্রব্য আহরণে ধৃত হয়েছেন বা যাদের নামে বন মামলা বিচারাধীন আছে, তাদিগকে নিলাম ডাকতে দেয়া হবে না।

১৪। বিক্রয় নোটিশে সংযুক্ত তপশীলে বর্ণিত লটের তালিকা নিম্নস্বাক্ষরকারী প্রয়োজনবোধে সংশোধন কিংবা নতুন লট সংযোজন করতে পারবেন। এর জন্য নিম্নস্বাক্ষরকারী কোন প্রকার কারণ দর্শাতে বাধ্য নহেন।

১৫। প্রয়োজনবোধে নিম্নস্বাক্ষরকারী নিলামের তারিখ পরিবর্তন করতে অথবা নিলাম মুলতবি রাখতে পারবেন। নির্ধারিত তারিখে নিলাম কাজ শেষ না হলে, নিম্নস্বাক্ষরকারী নিলামস্থলে ঘোষণার মাধ্যমে পরবর্তী দিনে বা দিনসমূহে নিলাম কার্য অব্যাহত রাখতে পারবেন।

১৬। একটি লট এককালীন একের অধিক ক্রেতার নিকট বিক্রয় করা হবে না। তবে কোন লটক্রেতা ইচ্ছা করলে একের অধিক লট খরিদ করতে পারবেন।

১৭। নিলামস্থলে কেহ আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটালে অথবা নিলাম বিরোধী কোন প্রকার অপপ্রচার চালালে, তার মহালদারী লাইসেন্স বাতিল করা সহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১৮। নিলামস্থলে কেহ অনিয়ম সংঘটনের জন্য দলবদ্ধ হলে এবং কোন প্রকার রিং বা সিন্ডিকেট তৈয়ার করলে নিম্নস্বাক্ষরকারী নিলাম বন্ধ করে দিতে পারবেন।

চলমান পাতা-০৩

১৯। নিলাম ডাক নিলাম কমিটির নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে, কমিটি নিলাম ডাক সাময়িকভাবে গ্রহণ করবেন, এ ক্ষেত্রে নিলাম কমিটি কারও নিকট জবাবদিহি করতে বাধ্য নহেন।

২০। এ নিলাম বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের ব্যাখ্যা বা নিলামের বিষয়ে উত্থাপিত কোন প্রশ্নে বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকার সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া পরিগণিত হবে এবং উক্ত চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা বাধ্যতামুলক হবে।

২১। বিভাগীয় বন কর্মকর্তা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন সময় অত্র নীলাম বিজ্ঞপ্তির যে কোন শর্ত/শর্তাংশ পরিবর্তন/পরিবর্ধন এবং নতুন শর্ত সংযোজন করার ক্ষমতা রাখেন।

২২। মূদ্রণজনিত কারণে অত্র শর্তাবলীর কোন ভুলত্রুটি সংশোধনের ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।

নীলাম বিজ্ঞপ্তির শর্তাবলী অনুমোদন করা হলো।

(মোঃ হুমায়ুন কবির)
পরিচিতি নম্বর-১৩১৫৯
বিভাগীয় বন কর্মকর্তা
সিলেট বন বিভাগ, সিলেট
ই-মেইল ঃ dfosylhet@yahoo.com

স্মারক নং-২২.০১.০০০০.৬৭২.১৫.০০৫.২৪.৩৩৬ তারিখ ঃ ২২/০১/২০২৪ খ্রিঃ।

সদয় জ্ঞার্তার্থে/কার্যার্থে ( জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। প্রধান বন সংরক্ষক, বাংলাদেশ, বন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৪। কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৫। বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, বন ভবন, মহাখালী, ঢাকা। এ প্রসংগে তাঁর দপ্তরের পত্র নং-২২.০১.০০০০.৬০১.১৭.০০৪.২৩.১৫২০ তারিখ-৩১/১২/২০২৩ খ্রিঃ এর যোগসূত্র উল্লেখ্য।
৬। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
৭। পুলিশ সুপার, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
৮। পরিচালক, ফরেষ্ট্রী সায়েন্স এন্ড টেকনোলজি ইন্সটিটিউট, সিলেট।
৯। বিভাগীয় বন কর্মকর্তা, বন্যপ্রাণী ব্যবস্থপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট, সদর দপ্তর মৌলভীবাজার।
১০। পরিচালক (উৎপাদন ও বানিজ্য), বন শিল্প উন্নয়ন কর্পোরেশন, ৭৬, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১২। নিবার্হী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১৩। সহকারী বন সংরক্ষক,সিলেট সদর/শ্রীমঙ্গল/হবিগঞ্জ/সুনামগঞ্জ, সিলেট বন বিভাগ, সিলেট। কোন বনজদ্রব্য বিক্রয়ের ব্যাপারে বিজ্ঞ আদালতের যদি কোন নির্দেশনা থাকে তা প্রতিপালন/ নিশ্চিত করনের জন্য তাদেরকে অনুরোধ করা হল।
১৪। রেঞ্জ কর্মকর্তা, টাউন রেঞ্জ/সিলেট রেঞ্জ/সারী রেঞ্জ/মৌলভীবাজার রেঞ্জ/জুরী রেঞ্জ/রাজকান্দি রেঞ্জ/কুলাউড়া রেঞ্জ/বড়লেখা রেঞ্জ/শায়েস্তাগঞ্জ রেঞ্জ/কালেঙ্গা/রঘুনন্দন রেঞ্জ/সুনামগঞ্জ রেঞ্জ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, শেখঘাট এসএফএনটিসি/মৌলভীবাজার এসএফএনটিসি/কুলাউড়া এসএফএনটিসি/হবিগঞ্জ এসএফএনটিসি ও সুনামগঞ্জ এসএফএনটিসি। তাকে নিলাম বিক্রয় বিজ্ঞপ্তিটি মাইকযোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা সহ তার রেঞ্জাধীন বনজদ্রব্যের লটসমূহের তালিকা জরুরী ভিত্তিতে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।
১৫। ওয়েব সাইডে প্রকাশের কপি।

(মোঃ হুমায়ুন কবির)
পরিচিতি নম্বর-১৩১৫৯
বিভাগীয় বন কর্মকর্তা
সিলেট বন বিভাগ, সিলেট
ই-মেইল ঃ dfosylhet@yahoo.com